# সেনা সদস্যরা দায়িত্বে অব্যাহত, জনগণ নিশ্চিন্ত থাকুন: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

আগামী ১৩ নভেম্বরের সম্ভাব্য লকডাউন নিয়ে কোনো ধরনের উদ্বেগ বা শঙ্কার কারণ নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, বর্তমানে পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে, আর আওয়ামী লীগের চলমান কর্মসূচিও আপাতত স্থগিত রয়েছে।

রোববার বিকেলে সচিবালয়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা জানান।

সেনাবাহিনীর মোতায়েন পরিস্থিতি নিয়ে প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা স্পষ্ট করে বলেন, মাঠে দায়িত্ব পালনরত সেনাসদস্যদের ফিরিয়ে আনার কোনো সিদ্ধান্ত নেই। তিনি বলেন, "সেনা সদস্যরা আগের মতোই মাঠে থাকবেন; জনগণের নিরাপত্তা ও শৃঙ্খলা রক্ষায় তারা তাদের দায়িত্ব পালন করে যাবেন।"

তিনি আরও আশ্বস্ত করেন, ঢাকাসহ দেশের কোথাও আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগের কোনো কারণ নেই—সরকার পরিস্থিতি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজনীয় সব ব্যবস্থা প্রস্তুত রয়েছে।

LENS ASIA